

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৭৬

১১. বিবাহ অধ্যায় (کتاب النکاح)

পরিচ্ছেদঃ ৪১. সন্তান বিছানার মালিকের

بَابِ الْوَلَدُ لِلْفِرَاشِ

আরবী

حَدَّثَنَا الْحَكَمُ بْنُ نَافِعٍ حَدَّثَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ أَخْبَرَنِي عُرْوَةُ عَنْ عَائِشَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ كَانَ عُتْبَةُ بْنُ أَبِي وَقَّاصٍ عَهِدَ إِلَى أَخِيهِ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ عَهِدَ إِلَى أَخِيهِ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ أَنْ يَقْبِضَ إِلَيْهِ ابْنَ وَلِيدَةِ زَمْعَةَ فَقَالَ عُتْبَةُ إِنَّهُ ابْنِي فَلَمَّا قَدِمَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَمَنَ الْفَتْحِ أَخَذَ سَعْدُ بْنُ أَبِي وَقَاصِ ابْنَ وَلِيدَةِ زَمْعَةَ فَإِذَا هُوَ أَشْبَهُ النَّاسِ عَلَيْهِ وَسَلَّمَ هُو لَكَ يَا عَبْدُ بْنَ زَمْعَةَ مِنْ أَجْلِ بِعُتْبَةَ بْنِ أَبِي وَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هُو لَكَ يَا عَبْدُ بْنَ زَمْعَةَ مِنْ أَجْلِ بَعُتْبَة مِنْ أَبِيهِ وَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ احْتَجِبِي مِنْهُ يَا سَوْدَةُ بِنْتَ زَمْعَةَ مِنْ أَبِي وَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ احْتَجِبِي مِنْهُ يَا سَوْدَةُ بِنْتَ زَمْعَةَ مِنْ أَبِي وَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ احْتَجِبِي مِنْهُ يَا سَوْدَةُ بِنْتَ زَمْعَةَ مِنْ أَبِي وَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ احْتَجبِي مِنْهُ يَا سَوْدَةُ بِنْتَ زَمْعَةَ مِنْ أَبِي وَقَالَ النَّبِي وَقَالَ النَّبِي وَقَالَ النَّي وَقَاصٍ وَسَوْدَةُ بِنْتُ زَمْعَةَ مِنْ أَبْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ المَّا مَوْدَةً عَلَيْهِ مِنْ شَبَهِهِ بِعُتْبَةَ بْنِ أَبِي وَقَاصٍ وَسَوْدَةُ بِنْتُ زَمْعَةَ

বাংলা

২২৭৬. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সহধর্মিনী 'আয়িশাহ রাদ্বিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, উতবা ইবনু আবৃ ওয়ান্ধাস তার ভাই সাদ ইবনু আবৃ ওয়ান্ধাস রাদ্বিয়াল্লাহু আনহু-কে ওয়াসীয়াত করে যান যে, তিনি যেন যাম'আর বাঁদীর গর্ভস্থিত পুত্রকে (ভ্রাতুষ্পুত্র রূপে) তার অধীনে নিয়ে আসেন। উতবাহ (তাকে) বলেন, সে আমার (ঔরসজাত) পূত্র। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মন্ধা বিজয়ের কালে যাম'আর বাঁদীর গর্ভস্থিত পুত্রকে সাদ ইবনু আবৃ ওয়ান্ধাস রাদ্বিয়াল্লাহু আনহু নিয়ে নিলেন। আর সে ছিল অন্যান্য লোকের চেয়ে উতবাহ ইবনু আবী ওয়ান্ধাসের সাথে সর্বাধিক সাদৃশ্যপূর্ণ। (এদিকে যামআর পুত্র 'আন্দ দাবী করে যে, এ আমার ভাই, আমার পিতার বাঁদীর পুত্র।) তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "হে 'আন্দ ইবনু যামআ! এ ছেলেটি তোমার প্রাপ্য।" কেননা, সে ছেলেটি তার পিতার শয্যায় (তার দাসীর গর্ভে) জন্মগ্রহণ করেছে। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (নবী সহধর্মিনী সাওদা বিনতে যামআ রাদ্বিয়াল্লাহু আনহু-কে লক্ষ্য করে) বললেন: "তুমি ঐ ছেলেটি হতে পর্দা করবে।" কারণ তিনি ঐ ছেলেটির মধ্যে উতবার সাদৃশ্য দেখতে পান। আর সাওদাহ ছিলেন: যাম'আহ'র মেয়ে।[1]



ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: এটি পূর্বের হাদীসের বিস্তৃত রূপ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন